গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
কাশিয়ানী, গোপালগঞ্জ

স্মারক নং- ৩১.৩০.৩৫৪৩.০০০.০১.০০৬.২১ - ১৮০০

তারিখ: ১৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি.

২০ একর পর্যন্ত জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী গোপালগঞ্জ জেলাধীন কাশিয়ানী উপজেলার নিম্নবর্ণিত জলমহালগুলো বাংলা ১৪৩২- ১৪৩৪ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	উপজেলার নাম	ইউনিয়নের নাম	জলমহাল/পুকুরের নাম	আয়তন	সরকারী ইজারা মূল্য (৩ বছরের গড় মুল্য) ভ্যাট ও আয়কর ব্যতিত
০১	কাশিয়ানী	নিজামকান্দি	ফলসী খাস পুকুর	০.৮৭ একর	১৯,২৪২/-
০২	কাশিয়ানী	বেথুড়ী	জোতকুরা খাস পুকুর	০.৩৬ একর	৬,৩০০/-
০৩	কাশিয়ানী	ওড়াকান্দি	পুর্ব আড়য়াকান্দি খাস পুকুর	০.৬৬ একর	৭,৮৭৫/-
০৪	কাশিয়ানী	ওড়াকান্দি	মধ্য খাগড়াবাড়ীয়া পুকুর	০.৩০ একর	৬,৩০০/-
০৫	কাশিয়ানী	ওড়াকান্দি	"	০.৪০ একর	৭,৮৭৫/-
০৬	কাশিয়ানী	ওড়াকান্দি	মাইজ কান্দি খাস পুকুর	০.০৮ একর	১,০৫০/-
০৭	কাশিয়ানী	ওড়াকান্দি	তিলছড়া	০.০৫ একর	১,০৫০/-
০৮	কাশিয়ানী	পারুলিয়া	পারুলিয়া খাস পুকুর	০.৩০ একর	২১,০০০/-
০৯	কাশিয়ানী	পারুলিয়া	বড় পারুলিয়া খাস পুকুর	০.৫০ একর	২১,০০০/-
১০	কাশিয়ানী	পারুলিয়া	শালিকাডাঙ্গা খাস পুকুর	০.৩২ একর	৭,৮৭৫/-
১১	কাশিয়ানী	মহেশপুর	পদ্মবিলা খাস পুকুর	০.৩০ একর	১০,৫০০/-
১২	কাশিয়ানী	মাহমুদপুর	ডোমরাবান্দি খাস পুকুর	০.৬২ একর	১৩,১২৫/-
১৩	কাশিয়ানী	মাহমুদপুর	"	০.৫০ একর	১১,৫৫০/-
১৪	কাশিয়ানী	মাহমুদপুর	খোপড়া খাস পুকুর	০,৭১ একর	১১,৫৫০/-
১৫	কাশিয়ানী	কাশিয়ানী	কাশিয়ানী খাস পুকুর	১.১২ একর	২১,০০০/-
১৬	কাশিয়ানী	সাজাইল	মাজড়া হাটের পুকুর	০.১৪ একর	২,১০০/-
১৭	কাশিয়ানী	সাজাইল	মাজড়া খাস পুকুর	০.০২ একর	১,০৫০/-
১৮	কাশিয়ানী	সাজাইল	কুসুম দিয়া খাস পুকুর	০.৮৫ একর	১০,৫০০/-
১৯	কাশিয়ানী	সাজাইল	বিল পবনিয়া খাস পুকুর	০.০৮ একর	১,০৫০/-
২০	কাশিয়ানী	সাজাইল	ছোট খারকান্দি খাস পুকুর	০.১৬ একর	১,০৫০/-
২১	কাশিয়ানী	সাজাইল	নাওরা ভাদুলিয়া খাস পুকুর	০.৮৬ একর	১০,৫০০/-
২২	কাশিয়ানী	রাজপাট	পাচ কাহনিয়া খাস পুকুর	১.৪১ একর	২১,০০০/-
২৩	কাশিয়ানী	রাজপাট	বড় বাহিরবাগ খাস পুকুর	১.১২ একর	১৫,৭৫০/-
২৪	কাশিয়ানী	রাজপাট	বড় বাহিরবাগ খাস পুকুর	০.৬৯ একর	৮,৪০০/-
২৫	কাশিয়ানী	রাজপাট	বড় বাহিরবাগ খাস পুকুর	১.৫১ একর	১৫,৭৫০/-
২৬	কাশিয়ানী	রাজপাট	বড় বাহিরবাগ খাস পুকুর	০.০৮ একর	১,০৫০/-
২৭	কাশিয়ানী	রাজপাট	বড় বাহিরবাগ খাস পুকুর	০.২৯ একর	২,১০০/-
২৮	কাশিয়ানী	রাজপাট	রাজপাট খাস পুকুর	০.১৯ একর	১,৫৭৫/-
২৯	কাশিয়ানী	রাজপাট	মিয়াজিরকান্দি খাস পুকুর	০.২৩ একর	২,১০০/-
৩০	কাশিয়ানী	সিংগা	জগৎপট্টি খাস পুকুর	০.১৫ একর	১,০৫০/-
৩১	কাশিয়ানী	মহেশপুর	কাগদী সরকারী খাস পুকুর	০.১১ একর	১,০৫০/-
৩২	কাশিয়ানী	মহেশপুর	দরিপদ্মবিলা হাটসংলগ্ন পুকুর	০.১৩ একর	১,৫৭৫/-
৩৩	কাশিয়ানী	মহেশপুর	"	০.২১ একর	২,১০০/-
৩৪	কাশিয়ানী	মহেশপুর	টিয়ারডাঙ্গা খাসপুকুর	০.২১ একর	৭,৩৫০/-

চলমান পাতায়

CamScanner

৩৫	কাশিয়ানী	মহেশপুর	কোড়ামারী প্রঃবিঃসংলগ্ন পুকুর	০.৪৯ একর	৫২৫০/-
৩৬	কাশিয়ানী	রাতইল	ভাদুলিয়া খাস পুকুর	০.৭৫ একর	৪২,০০০/-
৩৭	কাশিয়ানী	ফুকরা	ফুকরা খাস পুকুর	১.১০ একর	৫,২৫০/-
৩৮	কাশিয়ানী	রাতইল	চর ভাটপাড়া খাস পুকুর	০.৮৮ একর	১৫,৭৫০/-
৩৯	কাশিয়ানী	রাতইল	চর জাজিরা খাস পুকুর	০.০৯ একর	১০৫০/-
৪০	কাশিয়ানী	ফুকরা	ঘুঘলিয়া খাস পুকুর	০.২১ একর	২,৬২৫/-
৪১	কাশিয়ানী	ফুকরা	পাংখার চর খাস পুকুর	০.২৫ একর	১,০৫০/-

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল (ভূমি মন্ত্রণালয়ের ১৭ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের- ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২) ৬৯৪ নং স্মারকের প্রজ্ঞাপন মোতাবেক) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল :

ক্রঃ নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১.	২১ পৌষের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে সরকারি জলমহাল ইজারার আবেদন আহবান।
২.	০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে	অনলাইনে ইজারার আবেদন দাখিল।
৩.	১৪ মাঘ এর পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে	অনলাইলনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ এর কার্যালয়ে দাখিল।
৪.	২০ মাঘ থেকে ২৬ মাঘের মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই।
৫.	২৭ মাঘ থেকে ৪ ফাল্গুনের মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।
৬.	৫ ফাল্গুন থেকে ২৫ ফাল্গুনের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবরে প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
৭.	২৬ ফাল্গুন থেকে ২৮ ফাল্গুনের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ
৮.	২৯ ফাল্গুন থেকে ২০ চৈত্রের মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন।
৯.	১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

শর্তাবলী

১। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে।

২। অনলাইনে আবেদন সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে নিবন্ধন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। অনলাইনে আবেদনের দাখিলের সময়সীমা ১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে ।

৪। ১৪ মাঘ এর পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপিসহ দরপত্র ক্রয়/আবেদন ফি ৫০০/- (পাঁচশ) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী বরাবর দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

৫। অনলাইনে দাখিকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৬। আবেদপত্রের প্রিন্টেড কপিসহ দাখিলের সময় আবেদনপত্রের উদ্ধৃত মূল্যের ২০% অর্থ জামানত হিসেবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ এর অনুকূলে আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। তাছাড়া আবেদনপত্র দাখিলকারী মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক সমিতির নিবন্ধন পত্রের সত্যায়িত কপিসহ প্রয়োজনীয় কাগজপত্র এবং মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে জেলা/উপজেলা সমবায় অফিসারের নিকট হতে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে বাতিলযোগ্য হবে।

৭। ইজারার মেয়াদ বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে বাংলা ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল প্রদান করা হবে না এবং বাংলা ১৪৩৪ সনের ৩০ চৈত্রের পর স্বয়ংক্রিয় ভাবে ইজারা বাতিল বলে গন্য হবে।

৮। ইজারা আবেদনপত্র অনুমোদন বিলম্ব হলে উক্ত বিলম্বের কারনে কোন অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবে না। বছরের যে কোন সময় দরপত্র আহবান করা হলেও ইজারার মেয়াদ বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে কার্যকর বলে গন্য হবে এবং বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে সকল সরকারি প্রাপ্য আদায়যোগ্য হবে।

৯। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সরকারি জলমাহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ অনুযায়ী আবেদনপত্র গৃহীত হওয়া সাপেক্ষে জেলা প্রশাসক, গোপালগঞ্জ মহোদয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদনপত্র ১ম বছরের ইজারামূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নির্ধারিত কোডে চালানে জমা দিতে হবে এবং পরবর্তী বছর সমুহের ইজারা মূল্য ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারা অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে।

চলমান পাতায়

CamScanner

১০। আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে দাখিল করা যাবে। মৎস্যজীবী সমবায় সমিতির একটি ই-মেইল ঠিকানা বাঞ্চনীয়।

১১। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রস্তাব অনুমোদনের পর যে সকল আবেদন গৃহীত হবে না, সে সকল আবেদনপত্রের সাথে জামানত হিসাবে সংযুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনকারী কর্তৃক আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে।

১২।প্রতিটি আবেদনপত্রের প্রিন্টেড কপির খামের উপর জলমহালের নাম, মৎস্যজীবী সমবায় সমিতির নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতির রেজিষ্ট্রেশন সনদ, সমিতির গঠনতন্ত্র, সভাপতি ও সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যের তালিকা, ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) ০৩ বছরের কর্ম পরিকল্পনা, ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদ, সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

১৩। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত আবেদন সাথে দাখিলকৃত জামানত শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ৩০০/- (তিনশত টাকার) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি দলিল সম্পাদন করতে হবে। ইজারা গ্রহীতা কোন অবস্থাতেই সম্পূর্ণ জলমহাল বা আংশবিশেষ সাব-লিজ দিতে পারবে না। ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখিত জলমহালের আয়তন এবং দখলীয় আয়তনের মধ্যে তারতম্য হলেও কোন আপত্তি উত্থাপন করতে পারবেন না।

১৪। দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনার ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সরকারি জলমহাল ব্যবস্থাপনানীতি, ২০০৯ অনুসরণ করা হবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৩০/১২/২৪

(ফারজানা জান্নাত)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কাশিয়ানী, গোপালগঞ্জ

৩০/১২/২০২৪

স্মারক নং- উনিঅকা/জলমহাল/ইজারা/২৪/১৮০০

তারিখ: ১৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্যঃ
১। মাননীয় উপদেষ্টা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা, বিভাগ, ঢাকা।
৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৫। অতিরিক্ত চজলা প্রশাসক (রাজস্ব), গোপালগঞ্জ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাশিয়ানী, গোপালগঞ্জ।

অবগতি ও কার্যার্থেঃ (জ্যৈষ্ঠতার ক্রমিক নুসারে নয়)
১। উপজেলা কৃষি কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
২। উপজেলা মৎস্য কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
৩। অফিসার ইন-চার্জ, কাশিয়ানী থানা।
৪। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
৫। উপজেলা সমবায় কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
৮। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, (সকল).............................কাশিয়ানী, গোপালগঞ্জ।
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, (সকল)......................... ইউনিয়ন ভূমি অফিস, কাশিয়ানী, গোপালগঞ্জ।

৩০/১২/২০২৪

(মুনমুন পাল)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যস্থাপনা কমিটি
কাশিয়ানী, গেপালগঞ্জ

৩০/১২/২০২৪

CamScanner